গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
রাজস্ব শাখা
www.moulvibazar.gov.bd

**আশ্রয়ণ-২ প্রকল্প সংক্রান্ত জেলা টাস্কফোর্স কমিটির জুন/২০২৪ খ্রিস্টাব্দ মাসের সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | ড. উর্মি বিনতে সালাম<br>জেলা প্রশাসক, মৌলভীবাজার। |
| সভার স্থান | ঃ | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |
| সভার তারিখ | ঃ | ৩০.০৬.২০২৪ খ্রিস্টাব্দ |
| সভার সময় | ঃ | বেলা ১১:০০ ঘটিকা |

সভার শুরুতে উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোনো সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

❖ **০১.০০ গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:**

বিগত ২৬.০৫.২০২৪ খ্রিস্টাব্দ তারিখ অনুষ্ঠিত আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিম্নরূপ:

| সভার তারিখ | গৃহীত সিদ্ধান্তের সংখ্যা | সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতির হার | অ-বাস্তবায়িত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ২৬.০৫.২০২৪ খ্রিস্টাব্দ | ১৬ | ১২ | ৭৫% | ১) সমতা স্কিমের আওতায় প্রকল্প স্থানে বসবাসরত উপকারভোগীদের অন্তর্ভুক্তকরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ এ সংক্রান্ত প্রতিবেদন এ মাসের মধ্যে প্রেরণের সিদ্ধান্ত। |
| | | | | ২) মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় এর ১৯/০৬/২০২৩ খ্রিস্টাব্দ তারিখের ০৩.০২.০০০০.৭০৩.১৪.৫৩৩.২২.৮৬৫নং স্মারক মোতাবেক আশ্রয়ণ প্রকল্পের পুরাতন জরাজীর্ণ সিআইসিট ব্যারাকের স্থলে সেমিপাকা একক গৃহনির্মাণের প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত। |
| | | | | ৩) জুড়ী উপজেলাধীন গোয়ালবাড়ি ইউনিয়ন পরিষদের অন্তর্গত আশ্রয়ণ প্রকল্প স্থান ও বড়লেখা উপজেলাধীন মোহাম্মদ নগর আশ্রয়ণ প্রকল্প স্থানে বসবাসরত উপকারভোগীদের আয়রণমুক্ত ও বিশুদ্ধ পানি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত। |
| | | | | ৪) কমলগঞ্জ উপজেলাধীন রাজটিলা ও বাঘমারা আশ্রয়ণ প্রকল্প স্থানে পানির সংকট সমাধান ও বিশুদ্ধ পানি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত। |

❖ **০২.০০: উপজেলা আশ্রয়ণ প্রকল্প সংক্রান্ত কমিটিসমূহের সভার বিবরণ:**

| উপজেলা | কমিটির সভা অনুষ্ঠানের তারিখ | সভাপতি |
|---|---|---|
| কুলাউড়া | ২৭.০৫.২০২৪ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া। |
| বড়লেখা | ২৭.০৫.২০২৪ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা। |
| জুড়ী | ২৭.০৫.২০২৪ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী। |

| | | |
|---|---|---|
| শ্রীমঙ্গল | ২৭.০৫.২০২৪ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল। |
| সদর | ২৭.০৫.২০২৪ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর। |
| রাজনগর | ২৭.০৫.২০২৪ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর। |
| কমলগঞ্জ | ২৭.০৫.২০২৪ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ। |

| ক্র. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | আশ্রয়ণ প্রকল্প সংক্রান্ত উপজেলা কমিটি প্রতিমাসে সভা অনুষ্ঠান করে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) |

❖ ৩.০০: **আশ্রয়ণ প্রকল্প এর বর্তমান অবস্থা:**

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার জানান, মৌলভীবাজার সদর, রাজনগর, বড়লেখা, শ্রীমঙ্গল ও কমলগঞ্জ উপজেলায় ৬টি প্রকল্পে ৪১টি ব্যারাক রয়েছে, যেখানে ৪১০টি পরিবারকে পুনর্বাসন করা হয়েছে। সভায় ব্যারাকসমূহে বসবাসরত সদস্যদের বর্তমান অবস্থা সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। উপজেলা নির্বাহী অফিসার'গণ সভায় জানান উক্ত ব্যারাকসমূহ অনেক পুরাতন হওয়ায় তা বসবাসের অনুপযোগী হয়ে উঠেছে। তৎপ্রেক্ষিতে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় এর বিগত ১৯.০৬.২০২৩ খ্রিস্টাব্দ তারিখের ০৩.০২.০০০০.৭০৩.১৪.৫৩৩.২২.৮৬৫নং স্মারক মোতাবেক আশ্রয়ণ প্রকল্পের পুরাতন জরাজীর্ণ সিআইসিট ব্যারাকের স্থলে সেমিপাকা একক গৃহনির্মাণের প্রস্তাব প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উল্লেখ্য, উপজেলা নির্বাহী অফিসার'গণ হতে পুরাতন জরাজীর্ণ সিআইসিট ব্যারাকের স্থলে সেমিপাকা একক গৃহনির্মাণের জন্য এ কার্যালয়ে প্রাপ্ত প্রস্তাব/প্রস্তাবসমূহ যাচাইঅন্তে প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা বরাবর প্রেরণের বিষয়ে সদস্যগণ একমত পোষণ করেন। বিস্তারিত আলোচনায় নিম্নরূপ তথ্য সভায় উপস্থাপন করা হয়:

| উপজেলা | প্রকল্পের সংখ্যা | ব্যারাকের সংখ্যা | রেজিস্ট্রিকৃত দলিল | | নামজারীকৃত দলিল | | সম্পাদিত কবুলিয়ত সংখ্যা | | পুনর্বাসিত পরিবারের সংখ্যা | প্রকল্পের বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | হয়েছে | হয়নি | হয়েছে | হয়নি | হয়েছে | হয়নি | | |
| মৌলভীবাজার সদর | ১ | ০৪ | ৪০ | ০০ | ৪০ | ০০ | ৪০ | ০০ | ৪০ | বাস্তবায়িত |
| রাজনগর | ১ | ০৬ | ৩২ | ০০ | ০০ | ৩২ | ৩২ | ২৮ | ৬০ | |
| বড়লেখা | ২ | ২৪ | ১৭৬ | ০০ | ১২৮ | ৪৮ | ১৭৬ | ৬৪ | ২৪০ | |
| শ্রীমঙ্গল | ১ | ০৩ | ৩০ | ০০ | ৩০ | ০০ | ৩০ | ০০ | ৩০ | |
| কমলগঞ্জ | ১ | ০৪ | ১৮ | ০৮ | ০৯ | ০৯ | ২৬ | ১৪ | ৪০ | |
| মোট | ৬ | ৪১ | ২৯৬ | ০৮ | ২০৭ | ৮৯ | ৩০৪ | ১০৬ | ৪১০ | |

| উপজেলা | প্রকল্পের নাম | প্রস্তাবিত মোট জমির পরিমান | ব্যারাকের সংখ্যা | পুনর্বাসিত পরিবার |
|---|---|---|---|---|
| মৌলভীবাজার সদর | শান্তির নীড় (বুদ্ধিমন্তপুর) | ৪.৬৮ | ০৪ টি | ৪০ টি |
| রাজনগর | শ্বাসমহল ও মালিকোনা | ৬.০০ | ০৬ টি | ৬০ টি |
| বড়লেখা | সায়পুর (বনশ্রী) | ৩.২০ | ০৪ টি | ৪০ টি |
| | জফরপুর (সমতা) | ১৬.০০ | ২০ টি | ২০০ টি |
| শ্রীমঙ্গল | (বন্ধন) | ৩.১০ | ০৩ টি | ৩০ টি |
| কমলগঞ্জ | রামচন্দ্রপুর | ১.৭৪ | ০৪ টি | ৪০ টি |
| | মোট | ৩৪.৭২ | ৪১ টি | ৪১০ টি |

উপর্যুক্ত বিষয়াদি আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় এর ১৯.০৬.২০২৩ খ্রিস্টাব্দ তারিখের ০৩.০২.০০০০.৭০৩.১৪.৫৩৩.২২.৮৬৫নং স্মারক মোতাবেক আশ্রয়ণ প্রকল্পের পুরাতন জরাজীর্ণ সিআইসিটি ব্যারাকের স্থলে সেমিপাকা একক গৃহনির্মাণের সুপারিশসহ সুনির্দিষ্ট প্রস্তাব আগামী সভার পূর্বে এ কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর/বড়লেখা |
| ০২ | আশ্রয়ণ প্রকল্পের পুরাতন জরাজীর্ণ সিআইসিটি ব্যারাকের স্থলে সেমিপাকা একক গৃহনির্মাণের নিমিত্ত প্রাপ্ত প্রস্তাব/প্রস্তাবসমূহ যাচাইক্রমে প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা বরাবর প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার/রেভিনিউ ডেপুটি কালেক্টর, মৌলভীবাজার |

❖ **০৪.০০: আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) এর বর্তমান অবস্থা:**

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার জানান, মৌলভীবাজার সদর, রাজনগর, কুলাউড়া ও কমলগঞ্জ উপজেলায় ৭টি প্রকল্পে ৪১টি ব্যারাক রয়েছে, যেখানে ৪১০টি পরিবারকে পুনর্বাসন করা হয়েছে। সভায় ব্যারাকসমূহে বসবাসরত সদস্যদের বর্তমান অবস্থা সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। উপজেলা নির্বাহী অফিসার'গণ সভায় জানান উক্ত ব্যারাকসমূহ অনেক পুরাতন হওয়ায় তা বসবাসের অনুপযোগী হয়ে উঠেছে। তৎপ্রেক্ষিতে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় এর বিগত ১৯.০৬.২০২৩ খ্রিস্টাব্দ তারিখের ০৩.০২.০০০০.৭০৩.১৪.৫৩৩.২২.৮৬৫নং স্মারক মোতাবেক আশ্রয়ণ প্রকল্পের পুরাতন জরাজীর্ণ সিআইসিটি ব্যারাকের স্থলে সেমিপাকা একক গৃহনির্মাণের সুপারিশসহ সুনির্দিষ্ট প্রস্তাব প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উল্লেখ্য, উপজেলা নির্বাহী অফিসার'গণ হতে পুরাতন জরাজীর্ণ সিআইসিটি ব্যারাকের স্থলে সেমিপাকা একক গৃহনির্মাণের জন্য এ কার্যালয়ে প্রাপ্ত প্রস্তাব/প্রস্তাবসমূহ যাচাইঅন্তে প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা বরাবর প্রেরণের বিষয়ে সদস্যগণ একমত পোষণ করেন। বিস্তারিত আলোচনায় নিম্নরূপ তথ্য সভায় উপস্থাপন করা হয়:

| উপজেলা | প্রকল্পের নাম | মোট জমির পরিমান | ব্যারাকের সংখ্যা | পুনর্বাসিত পরিবার |
|---|---|---|---|---|
| সদর | লালাপুর | ৬.৫১ | ০৬ | ৬০টি |
| | প্রেমনগর | ৩.৫০ | ০৫ | ৫০টি |
| কমলগঞ্জ | দিশারী | ৫.৩৮ | ১৬ | ১৬০টি |
| রাজনগর | মেদিনীমহল | ৪.৫০ | ০৬ | ৬০টি |
| কুলাউড়া | লংলা-১ | ২.০০ | ০২ | ২০টি |
| | লংলা-২ | ২.০০ | ০২ | ২০টি |
| | মহুয়া | ২.০০ | ০৪ | ৪০টি |
| মোট | | ২৫.৮৯ | ৪১ টি | ৪১০ টি |

**উপর্যুক্ত তথ্য পর্যালোচনা ও বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:**

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১) | মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় এর ১৯.০৬.২০২৩ খ্রিস্টাব্দ তারিখের ০৩.০২.০০০০.৭০৩.১৪.৫৩৩.২২.৮৬৫নং স্মারক মোতাবেক আশ্রয়ণ প্রকল্পের পুরাতন জরাজীর্ণ সিআইসিটি ব্যারাকের স্থলে সেমিপাকা একক গৃহনির্মাণের প্রস্তাব আগামী সভার মধ্যে এ কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর/রাজনগর |
| ০২ | আশ্রয়ণ প্রকল্পের পুরাতন জরাজীর্ণ সিআইসিটি ব্যারাকের স্থলে সেমিপাকা একক গৃহনির্মাণের নিমিত্ত প্রাপ্ত প্রস্তাব/প্রস্তাবসমূহ যাচাইক্রমে প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা বরাবর প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার/রেভিনিউ ডেপুটি কালেক্টর, মৌলভীবাজার |

❖ ০৫.০০ : **প্রকল্পের অধিবাসীদের জন্মনিয়ন্ত্রণ বিষয়ক:**

সংশ্লিষ্ট উপজেলার আশ্রয়ণ-২ প্রকল্পের অধিবাসীদের জন্মনিয়ন্ত্রণ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, মৌলভীবাজার জানান, এ জেলার আশ্রয়ণ-২ প্রকল্প স্থানে বসবাসরত দম্পতির মধ্যে পদ্ধতি গ্রহণকারীর হার ৭১.৩০। ৩(তিন) ও ততোধিক সন্তান গ্রহণকারী দম্পতির সংখ্যা যে সকল প্রকল্প স্থানে বা উপজেলায় অধিক সেসকল প্রকল্প স্থানসহ জেলার প্রকল্পসমূহে বসবাসরত সকল দম্পতিদের পদ্ধতি গ্রহণের আওতায় নিয়ে আসার জন্য কাজ করা হচ্ছে। প্রকল্প স্থানে বসবাসরত দম্পতিদের সচেতনতার অভাব থাকায় সন্তান গ্রহণের হার নিয়ন্ত্রণের নিমিত্ত গৃহীত কার্যক্রমে বেগ পেতে হচ্ছে উল্লেখ করে বর্তমান হার ধরে রাখার প্রতি গুরুত্বারোপ করা হচ্ছে এবং প্রতিমাসে প্রকল্প স্থান পরিদর্শন করা হচ্ছে মর্মেও উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, মৌলভীবাজার সভায় উপস্থাপন করেন। অবশিষ্ট দম্পতিদের পদ্ধতি গ্রহণের আওতায় নিয়ে আসার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ ৩(তিন) ও ততোধিক সন্তান গ্রহণকারী দম্পতির সংখ্যা যে সকল প্রকল্প স্থানে বা উপজেলায় অধিক মর্মে পরিলক্ষিত হয়, সে সকল স্থানে/উপজেলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা এবং প্রয়োজনীয় উপকরণ সরবরাহের বিষয়ে সভায় সদস্যগণ একমত পোষণ করেন। এছাড়াও, স্যাটেলাইট ক্লিনিকের কার্যক্রম তরান্বিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | আশ্রয়ণ-২ প্রকল্পের বাসিন্দাদের জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণের বিষয়ে আরো তৎপর হওয়ার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, মৌলভীবাজার |
| ০২ | ৩(তিন) বা ততোধিক সন্তান গ্রহণকারী দম্পতির সংখ্যা যে সকল প্রকল্প স্থানে বা উপজেলায় অধিক মর্মে পরিলক্ষিত হয়, সে সকল স্থানে/উপজেলায় পরিবার পরিকল্পনা সংক্রান্ত কার্যক্রম তরান্বিত করতে এবং স্যাটেলাইট ক্লিনিকের কার্যক্রমের পরিসর বৃদ্ধির জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৩ | আশ্রয়ণ-২ প্রকল্প স্থানের পরিবার পরিকল্পনা সংক্রান্ত হালনাগাদকৃত তথ্য প্রতিমাসে এ কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

❖ ০৬.০০ : **আশ্রয়ণ-২ প্রকল্প এর সুবিধাভোগী পরিবারগুলোর অনুকূলে ঋণ বিতরণ ও আদায় বিষয়ক:**

আশ্রয়ণ-২ প্রকল্প এর সুবিধাভোগী পরিবারগুলোর অনুকূলে ঋণ বিতরণপূর্বক তাদের আর্থ-সামাজিক উন্নয়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। জেলা সমবায় কর্মকর্তা, মৌলভীবাজার সভায় জানান, আশ্রয়ণ প্রকল্পের আওতায় এ জেলায় ৪০টি আশ্রয়ণ সমবায় সমিতি নিবন্ধিত হয়েছে। আশ্রয়ণ প্রকল্প স্থানে নতুন সমিতি গঠন করে উপকারভোগীদের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানসহ তাদের অনুকূলে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম তরান্বিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। তৎপ্রেক্ষিতে জেলা সমবায় কর্মকর্তা, মৌলভীবাজার বলেন, নতুন অর্থবছরেও (২০২৪-২০২৫) প্রকল্প স্থানে বসবাসরত মহিলা ও পুরুষদের প্রশিক্ষণের আওতায় নিয়ে আসা হবে। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১) | আশ্রয়ণ প্রকল্প স্থানে নতুন সমিতি গঠন করে উপকারভোগীদের প্রশিক্ষণ প্রদানসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম তরান্বিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা সমবায় কর্মকর্তা, মৌলভীবাজার |
| ০২) | জেলা সমবায় কর্মকর্তা, মৌলভীবাজারকে আশ্রয়ণ-২ প্রকল্প সংক্রান্ত জেলা টাস্কফোর্স কমিটির সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

❖ ০৭.০০ : **শিক্ষা কার্যক্রম সংক্রান্ত বিষয়াদি:**

আশ্রয়ণ-২ ও আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) স্থানে বসবাসরত শিশুদের শিক্ষা কার্যক্রমের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার আশ্রয়ণ প্রকল্প ও আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) স্থানে বসবাসরত শিশুদের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী শিশুর সংখ্যা, ভর্তিকৃত শিশুর সংখ্যা, অভর্তিকৃত শিশুর সংখ্যা ও ঝরে পড়া শিশুর সংখ্যাসহ শিক্ষা সংক্রান্ত সর্বশেষ তথ্য সভায় উপস্থাপন করেন। তথ্য পর্যালোচনায় দেখা যায়, বর্তমানে জেলার আশ্রয়ণ প্রকল্পের আওতায় বসবাসরত বিদ্যালয়ে গমনোপযোগী শিশুর সংখ্যা ৫২৪ জন এবং সকল শিশুই বিদ্যালয়ে গমন করছে। এছাড়াও আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২)

স্থানে বসবাসরত বিদ্যালয়ে গমনোপযোগী ৫৩৫ জন শিশুর মধ্যে সকল শিশু বিদ্যালয়ে গমন করছে। প্রকল্প স্থানে বসবাসরত সকল শিশুর প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সরেজমিনে পরিদর্শনপূর্বক শিক্ষা সংক্রান্ত হালনাগাদ তথ্য এ কার্যালয়ে প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | আশ্রয়ণ প্রকল্প ও আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) স্থানে বসবাসরত বিদ্যালয়ে গমনোপযোগী সকল শিশুর প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার |
| ০২ | প্রকল্প স্থান সরেজমিনে পরিদর্শনপূর্বক শিক্ষা কার্যক্রম সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

❖ **০৮.০০ : মুজিববর্ষ উপলক্ষে আশ্রয়ণ-২ প্রকল্প:**

| ক্রমিক | উপজেলা | হালনাগাদকৃত ভূমিহীন ও গৃহহীন পরিবার | ১ম পর্যায়ে বরাদ্দকৃত গৃহ সংখ্যা | ২য় পর্যায়ে বরাদ্দকৃত গৃহ সংখ্যা | ৩য় পর্যায়ের বরাদ্দকৃত গৃহ সংখ্যা | ৪র্থ পর্যায়ে বরাদ্দকৃত গৃহ সংখ্যা | মোট প্রাপ্ত বরাদ্দ | অবশিষ্ট ভূমিহীন ও গৃহহীন পরিবারের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | মৌলভীবাজার সদর | ১১৬০ | ৪৭৬ | ৫২ | ৩৩২ | ৩০০ | ১১৬০ | - |
| ০২ | রাজনগর | ৩৬৩ | ৯৮ | ৫০ | ৫৯ | ১৪৭ | ৩৫৪ | ৯(নয়) জনকে স্থানীয়ভাবে বরাদ্দ প্রদান করা হয়েছে। |
| ০৩ | কুলাউড়া | ৪১৯ | ১১০ | ১০০ | ১১৩ | ৯৬ | ৪১৯ | |
| ০৪ | জুড়ী | ৪৭৩ | ৭ | ১৬৯ | ১০৫ | ১৯২ | ৪৭৩ | - |
| ০৫ | বড়লেখা | ৪৩৫ | ৫০ | ১৫০ | ৭০ | ১৬৫ | ৪৩৫ | - |
| ০৬ | শ্রীমঙ্গল | ৯৬০ | ৩০০ | ৩০০ | ৫০ | ৩১০ | ৯৬০ | - |
| ০৭ | কমলগঞ্জ | ৮০১ | ৮৫ | ৩৩০ | ৫০ | ৩৩৬ | ৮০১ | - |
| | মোট | ৪৬১১ | ১১২৬ | ১১৫১ | ৭৭৯ | ১৫৪৬ | ৪৬০২ | - |

❖ **০৮.০১ : মুজিববর্ষ উপলক্ষে আশ্রয়ণ-২ প্রকল্পে নির্মাণাধীন/নির্মিত গৃহ সংখ্যা:**

| ক্রমিক | উপজেলা | ১ম পর্যায়ে নির্মাণ সম্পন্ন হয়েছে এমন গৃহ সংখ্যা | ২য় পর্যায়ে নির্মাণ সম্পন্ন হয়েছে এমন গৃহ সংখ্যা | ৩য় পর্যায়ের নির্মাণ সম্পন্ন হয়েছে এমন গৃহ সংখ্যা | ৩য় পর্যায়ে নির্মাণ সম্পন্নের অগ্রগতি | ৪র্থ পর্যায়ে নির্মাণ সম্পন্ন হয়েছে এমন গৃহ সংখ্যা | ৪র্থ পর্যায়ে নির্মাণ সম্পন্নের অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | সদর | ৪৭৬ | ৫২ | ৩৩২ | ১০০% | ৩০০ | ১০০% |
| ০২ | রাজনগর | ৯৮ | ৫০ | ৫৯ | ১০০% | ১৪৭ | ১০০% |
| ০৩ | কুলাউড়া | ১১০ | ১০০ | ১১৩ | ১০০% | ৯৬ | ১০০% |
| ০৪ | জুড়ী | ৭ | ১৬৯ | ১০৫ | ১০০% | ১৯২ | ১০০% |
| ০৫ | বড়লেখা | ৫০ | ১৫০ | ৭০ | ১০০% | ১৬৫ | ১০০% |
| ০৬ | শ্রীমঙ্গল | ৩০০ | ৩০০ | ৫০ | ১০০% | ৩১০ | ১০০% |
| ০৭ | কমলগঞ্জ | ৮৫ | ৩৩০ | ৫০ | ১০০% | ৩৩৬ | ১০০% |
| | মোট | ১১২৬ | ১১৫১ | ৭৭৯ | ১০০% | ১৫৪৬ | ১০০% |

❖ ০৯.০০: **বিবিধ আলোচনা:** আশ্রয়ণ প্রকল্প স্থানে বসবাসরত উপকারভোগীদের আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, শিশুদের শিক্ষার অধিকার সুনিশ্চিতকরণসহ সার্বিক নিরাপত্তার বিষয়ে তৎপর হওয়ার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, মৌলভীবাজার জানান, প্রকল্প স্থানে বসবাসরত উপকারভোগীদের বিধবা ভাতা, বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ভাতা প্রদান করা হচ্ছে। প্রকল্প স্থানে ভাতা প্রদান সংক্রান্ত কার্যক্রমের উপজেলা ভিত্তিক তথ্য সভায় উপস্থাপন করা হয়। তথ্য পর্যালোচনায় দেখা যায়, মৌলভীবাজার জেলার আশ্রয়ণ প্রকল্প স্থানে বসবাসরত উপকারভোগীদের মধ্যে বয়স্ক ভাতা পাওয়ার যোগ্য ৪৭৮ জনের মধ্যে ভাতা পাচ্ছেন ২৬২ জন; বিধবা ভাতা পাওয়ার যোগ্য ব্যক্তির সংখ্যা ৫৬৯ জন, তন্মধ্যে ভাতা পাচ্ছেন ১২১ জন। প্রতিবন্ধী ভাতা পাওয়ার যোগ্য ব্যক্তির সংখ্যা ২০৮ জন, তন্মধ্যে ভাতা পাচ্ছেন ১৫৭ জন। প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি পাওয়ার যোগ্য শিক্ষার্থীর সংখ্যা ২ জনের মধ্যে ২ জনই ভাতা পাচ্ছেন। ভাতা পাওয়ার যোগ্য অবশিষ্ট উপকারভোগীদের পর্যায়ক্রমে ভাতা প্রদান কার্যক্রমের আওতায় নিয়ে আসা হবে এবং কোনো ভাতা প্রাপ্ত ব্যক্তি মৃত্যুবরণ করলে তার পরিবর্তে ভাতা পাওয়ার যোগ্য অন্য ব্যক্তিতে অগ্রাধিকার ভিত্তিতে অন্তর্ভুক্ত করা হবে।

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার সভায় জানান, সিলেট বিভাগের অন্যান্য জেলাসহ মৌলভীবাজার জেলায় অতিবৃষ্টি ও নদী ভাঙ্গানের কারণে সৃষ্ট বন্যা পরিস্থিতিতে আশ্রয়ণ প্রকল্প স্থানের যে সকল উপকারভোগীদের সৃষ্ট বন্যা পরিস্থিতি প্রভাবিত করেছে, তাদের নিরাপদ পানি সরবরাহের নিমিত্ত ব্লিচিং পাউডার বিতরণ করা হয়েছে। আকস্মিক পরিস্থিতির কারণে ব্লিচিং পাউডারের ঘাটতি হওয়ায় প্রয়োজনীয় বরাদ্দ চাওয়া হয়েছে। তৎপ্রেক্ষিতে সৃষ্ট বন্যা পরিস্থিতিতে প্রকল্পস্থানে বসবাসরত উপকারভোগীদের পানিবাহিত রোগ হতে রক্ষা করাসহ বিশুদ্ধ পানি সরবরাহের নিমিত্ত প্রকল্প স্থানে পর্যাপ্ত পরিমাণে ব্লিচিং পাউডার সরবরাহের বিষয়টি নিশ্চিত করার জন্য নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার'কে সভায় অনুরোধ জানানো হয়।

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গৃহীত বিশেষ উদ্যোগ সর্বজনীন পেনশন স্কিম বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প স্থানে বসবাসরত উপকারভোগীদের সমতা স্কিমে অন্তর্ভুক্তকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি বলেন, নিরাপদ ভবিষ্যতের জন্য আশ্রয়ণ প্রকল্প স্থানে বসবাসরত উপকারভোগীদের উক্ত স্কিমের আওতায় নিয়ে আসার জন্য তাদের অনুপ্রাণিত করতে হবে। তৎপ্রেক্ষিতে প্রত্যেক উপজেলা হতে প্রকল্প স্থানে বসবাসরত কমপক্ষে ২০(বিশ) জন উপকারভোগীকে সমতা স্কিমের অন্তর্ভুক্ত করে আগামী সভার পূর্বে উপজেলা নির্বাহী অফিসারগণকে এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।

আশ্রয়ণে বসবাসকারী উপকারভোগীদের আর্থ সামাজিক উন্নয়নে তাদের পেশাভিত্তিক প্রশিক্ষণের পাশাপাশি পণ্য উৎপাদন ও বাজারজাতকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি বলেন, বাজারে আশ্রয়ণ কেন্দ্রে প্রস্তুতকৃত পণ্যের বাজার সৃষ্টি করতে পারলে উপকারভোগী পরিবারসমূহের আয় ও জীবনযাত্রার মান বৃদ্ধি পাবে। তৎপ্রেক্ষিতে আশ্রয়ণ-২ প্রকল্প স্থানে কমপক্ষে একটি পণ্য উৎপাদন ও বাজারজাতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক, জেলা পল্লী উন্নয়ন অফিস, মৌলভীবাজার (বিআরডিবি)'কে অনুরোধ জানানো হয়। ভ্রাম্যমাণ বা নির্ধারিত স্থানে পণ্যের বাজারজাতকরণ/বিপণন করা যেতে পারে মর্মেও সভায় সদস্যগণ একমত পোষণ করেন। এছাড়াও প্রকল্পস্থানে দুগ্ধজাতীয় পণ্যের উৎপাদন ও বাজারজাতকরণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণসহ উপকারভোগীদের প্রয়োজনীয় সহায়তা করার জন্য জেলা সমবায় কর্মকর্তা, মৌলভীবাজার'কে অনুরোধ জানানো হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার বলেন, দুগ্ধজাতীয় পণ্যের বাজারজাতকরণের নিমিত্ত আশ্রয়ণ প্রকল্পের একটি বিক্রয় কেন্দ্র স্থাপন করা যেতে পারে যা একটি ব্রান্ড তৈরিতে সহায়ক হবে।

সভাপতি বলেন, মৎস্য সম্পদ বৃদ্ধির পাশাপাশি আশ্রয়ণ প্রকল্প স্থানে বসবাসকারী উপকারভোগীদের স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে আশ্রয়ণ প্রকল্প স্থানে অবস্থিত পুকুরসমূহে মৎস্য চাষের নিমিত্ত মাছের পোনা সরবরাহসহ প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করা যেতে পারে। তৎপ্রেক্ষিতে আশ্রয়ণ প্রকল্পে অবস্থিত মোট পুকুরের হালনাগাদ তথ্য সংগ্রহপূর্বক বিস্তারিত প্রতিবেদন দাখিলের জন্য জেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজার'কে সভায় অনুরোধ জানানো হয়।

সরকারের বিভিন্ন বিভাগ কর্তৃক গৃহীত প্রশিক্ষণের পাশাপাশি আশ্রয়ণ প্রকল্প স্থানে বসবাসরত কমপক্ষে ৫০(পঞ্চাশ) জন ১৫-২৫ বছর বয়সী মেয়েদের কারিগরি ও পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মাতারকাপন, মৌলভীবাজার-এ ৬(ছয়) মাস ব্যাপী কম্পিউটার ও সেলাইয়ের প্রশিক্ষণের জন্য (আবাসিক প্রশিক্ষণ) আগামী ১৫ জুলাই, ২০২৪ খ্রি. তারিখের মধ্যে নামের তালিকা প্রস্তুতপূর্বক এ কার্যালয়ে প্রেরণের জন্য সভায় উপপরিচালক, জেলা সমাজসেবা অফিস, মৌলভীবাজার'কে অনুরোধ জানানো হয়।

জুড়ী উপজেলাধীন গোয়ালবাড়ি ইউনিয়ন পরিষদের অন্তর্গত আশ্রয়ণ প্রকল্প স্থান এবং বড়লেখা উপজেলাধীন মোহাম্মদ নগর, দোহলিয়া আশ্রয়ণ প্রকল্প স্থানে টিউবওয়েলের পানিতে অতিরিক্ত মাত্রায় আয়রণ থাকায় বসবাসরত উপকারভোগীরা খাওয়ার পানির সংকট সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিগত সভায় সিদ্ধান্ত গৃহীত হওয়ার পরিপ্রেক্ষিতে উপজেলাধীন দোহালিয়া আশ্রয়ণ প্রকল্প স্থানের কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং মোহাম্মদ নগর আশ্রয়ণ প্রকল্প স্থানে কার্যক্রম চলমান রয়েছে মর্মে নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার সভায় নিশ্চিত করেন। এছাড়াও বর্তমান বন্যা পরিস্থিতির কারণে জুড়ী উপজেলাধীন গোয়ালবাড়ি ইউনিয়ন পরিষদের অন্তর্গত আশ্রয়ণ প্রকল্প স্থানে কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়নি জানিয়ে দ্রুত তা বাস্তবায়ন করা হবে মর্মে তিনি জানান।

উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ সভায় জানান, কমলগঞ্জ উপজেলাধীন রাজটিলা ও বাঘমারা আশ্রয়ণ প্রকল্প স্থানে টিউবয়েলের পানির লেয়ার পাওয়া যাচ্ছে না বিধায় উক্ত প্রকল্প স্থানসমূহে বসবাসরত উপকারভোগীদের পানির সংকট সৃষ্টি হয়েছে। সৃষ্ট সমস্যাটি সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ জরুরি মর্মে সভায় সকল সদস্য একমত পোষণ করেন।

আশ্রয়ণ-২ প্রকল্প সংক্রান্ত জেলা টাস্কফোর্স কমিটির সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ হতে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় এ জেলায় ১ম, ২য়, ৩য় ও ৪র্থ পর্যায়ে বরাদ্দকৃত কতিপয় গৃহে কেউ বসবাস করেনা। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে যারা প্রকল্প স্থানের গৃহে দীর্ঘ ৫(পাঁচ) মাস বা ততোধিক সময় যাবৎ বসবাস করেনা, তাদের নামীয় বন্দোবস্ত বাতিলপূর্বক প্রকৃত নতুন ভূমিহীন-গৃহহীন পরিবারদের পুনর্বাসন করে অবশিষ্ট গৃহহীন-ভূমিহীন পরিবার পুনর্বাসনের লক্ষ্যে ৫ম পর্যায়ের চহিদা প্রেরণের বিষয়ে (প্রযোজ্য ক্ষেত্রে) সভায় সদস্যগণ একমত পোষণ করেন। সার্বিক বিষয়াদি বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | আশ্রয়ণ-২ ও আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) সমূহে আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যবেক্ষণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ১) পুলিশ সুপার, মৌলভীবাজার;<br>২) উপজেলা নির্বাহী অফিসার (সকল);<br>৩) সহকারী কমিশনার (ভূমি) (সকল) |
| ০২ | আশ্রয়ণ-২ প্রকল্প স্থানে সংশ্লিষ্ট সকল বিভাগকে প্রয়োজনীয় প্রশিক্ষণের যথাযথ ব্যবস্থা গ্রহণসহ প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার;<br>২) উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার;<br>৩) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মৌলভীবাজার |
| ০৩) | আশ্রয়ণ-২ প্রকল্প স্থানে অগ্রাধিকার ভিত্তিতে বিভিন্ন ভাতা প্রদান সংক্রান্ত কার্যক্রম তরান্বিত করতে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক,<br>জেলা সমাজসেবা অফিস, মৌলভীবাজার |
| ০৪) | সৃষ্ট বন্যা পরিস্থিতিতে প্রকল্প স্থানে বসবাসরত উপকারভোগীদের পানিবাহিত রোগ হতে রক্ষা করাসহ বিশুদ্ধ পানি সরবরাহের নিমিত্ত পর্যাপ্ত পরিমাণে ব্লিচিং পাউডার সরবরাহের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার |
| ০৫) | সমতা স্কিমের আওতায় প্রত্যেক উপজেলা হতে প্রকল্প স্থানে বসবাসরত কমপক্ষে ২০(বিশ) জন উপকারভোগীকে অন্তর্ভুক্ত করে আগামী সভার পূর্বে এ কার্যালয়ে প্রতিবেদন দাখিলের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>২) সহকারী কমিশনার (ভূমি) (সকল) |
| ০৬) | আশ্রয়ণ-২ প্রকল্প স্থানে কমপক্ষে একটি পণ্য উৎপাদন ও বাজারজাতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্যোগ গ্রহণের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক,<br>বিআরডিবি, মৌলভীবাজার |
| ০৭) | আশ্রয়ণ-২ প্রকল্প স্থানে দুগ্ধজাতীয় পণ্যের উৎপাদন ও বাজারজাতকরণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণসহ আশ্রয়ণ প্রকেল্পের একটি বিক্রয় কেন্দ্র স্থাপন করার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা সমবায় কর্মকর্তা,<br>মৌলভীবাজার |

| | | |
|---|---|---|
| ০৮) | আশ্রয়ণ প্রকল্পে অবস্থিত মোট পুকুরের হালনাগাদ তথ্য সংগ্রহপূর্বক বিস্তারিত প্রতিবেদন আগামী সভার পূর্বে এ কার্যালয়ে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা মৎস্য কর্মকর্তা,<br>মৌলভীবাজার |
| ০৯) | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মাতারকাপন, মৌলভীবাজার-এ ৬(ছয়) মাস ব্যাপী কম্পিউটার ও সেলাইয়ের প্রশিক্ষণের জন্য (আবাসিক প্রশিক্ষণ) আগামী ১৫ জুলাই, ২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রকল্প স্থানে বসবাসরত ১৫-২৫ বছর বয়সী (নূন্যতম ৮ম শ্রেণি পাশ) মেয়েদের নামের তালিকা প্রস্তুতপূর্বক এ কার্যালয়ে প্রেরণের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক,<br>জেলা সমাজসেবা অফিস, মৌলভীবাজার |
| ১০) | জুড়ী উপজেলাধীন গোয়ালবাড়ি ইউনিয়ন পরিষদের অন্তর্গত আশ্রয়ণ প্রকল্প স্থান ও বড়লেখা উপজেলাধীন মোহাম্মদ নগর আশ্রয়ণ প্রকল্প স্থানে বসবাসরত উপকারভোগীদের আয়রণমুক্ত ও বিশুদ্ধ পানি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী/বড়লেখা<br>২) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার |
| ১১) | কমলগঞ্জ উপজেলাধীন রাজটিলা ও বাঘমারা আশ্রয়ণ প্রকল্প স্থানে পানির সংকট সমাধান ও বিশুদ্ধ পানি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ<br>২) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০.০৬.২৪

(ড. উর্মি বিনতে সালাম)
জেলা প্রশাসক
মৌলভীবাজার
ফোন: ০২৯৯৬৬৮৩২০২
ইমেইল: dcmoulvibazar@mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৬.৫৮০০.০০৯.০৬.০০১.১৯- ৯০৫৭ তারিখ: ৩০.০৬.২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট

৩. প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০৪. পুলিশ সুপার, মৌলভীবাজার

০৫. সিভিল সার্জন, মৌলভীবাজার

০৬. অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), মৌলভীবাজার

০৭. বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট

০৮. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ/পরিবার পরিকল্পনা/সমাজ সেবা/মহিলা বিষয়ক/যুব উন্নয়ন/বিআরডিবি মৌলভীবাজার

০৯. উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর/রাজনগর/কুলাউড়া/জুড়ী/বড়লেখা/শ্রীমঙ্গল/কমলগঞ্জ

১০. জেলা মৎস্য কর্মকর্তা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/জেলা নিবন্ধক/জেলা সমবায় অফিসার/জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি/জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার

১১. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/বাপাউবো/বাবিউবো/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার

১২. জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার

১৩. সহকারী কমিশনার (ভূমি), মৌলভীবাজার সদর/রাজনগর/কুলাউড়া/জুড়ী/বড়লেখা/শ্রীমঙ্গল/কমলগঞ্জ

১৪. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার (কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)

৩০/০৬/২৪

(সন্দীপ তালুকদার)
রেভিনিউ ডেপুটি কালেক্টর (রুটিন দায়িত্ব)
মৌলভীবাজার
ফোন: ০২৯৯৬৬৮২৭২৭
ই-মেইল: rdcmoulvibazar@mopa.gov.bd